

আইএলও প্রটোকল -২৯ অনুসমর্থনের সিদ্ধান্ত

ঢাকা, ১৪ মার্চঃ

আইএলও প্রটোকল -২৯ অনুসমর্থনে সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছে ত্রি-পক্ষীয় পরামর্শ পরিষদ-টিসিসি। আজ রাজধানীর বিজয়নগরে শ্রমভবনের সম্মেলনক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের অধীনে গঠিত সরকার, মালিক -শ্রমিক ত্রি-পক্ষীয় পরামর্শ পরিষদ-টিসিসি এর ৬৬ তম এ সিদ্ধান্ত হয়। সব ধরনের জ্বরদস্তিমূলক শ্রম অবসানের লক্ষ্যে ২০১৪ সালের ১১ জুন বল প্রয়োগমূলক শ্রম কনভেনশন, ১৯৩০ প্রটোকল -২৯ গৃহিত হয়। প্রটোকল -২৯ অনুসমর্থনকারী দেশসমূহকে জ্বরদস্তিমূলক এবং বাধ্যতামূলক শ্রম নিরসন এবং দূরীকরণে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে। সভাপতির বক্তৃতায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, জ্বরদস্তিমূলক শ্রম এর সাথে সম্পর্কিত দুটি আইএলও কনভেনশন ২৯ এবং ১০৫ ইতোমধ্যে বাংলাদেশ অনুসমর্থন করেছে এবং বাংলাদেশের সংবিধান দ্বারা সকল প্রকার জ্বরদস্তিমূলক শ্রমকে নিষিদ্ধ করা হয়েছে। টিসিসির সর্বসম্মত সিদ্ধান্ত প্রটোকল -২৯ অনুসমর্থনের বিষয়কে আরো একধাপ এগিয়ে নিয়ে গেল। সভায় জানানো হয় ইউরোপীয় ইউনিয়নের বাজারে **Everything But Arms-EBA** এর আওতায় বাংলাদেশের শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা অব্যাহত রাখতে ২০১৯ সালের অক্টোবরে ঢাকায় অনুষ্ঠিত ইইউ-বাংলাদেশ যৌথ কমিশনের সভায় বাংলাদেশে শ্রমমান উন্নয়নে ইইউ একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করে। উক্ত সুপারিশের মধ্যে আইএলও প্রটোকল -২৯ অনুসমর্থন অন্যতম। উল্লেখ্য আইএলও সদস্যভুক্ত ৪৯টি দেশ এপর্যন্ত প্রটোকল -২৯ অনুসমর্থন করেছে। সভায় শ্রমমান উন্নয়ন সংক্রান্ত রোডম্যাপের বিষয়েও আলোচনা হয়েছে। সভায় মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম, অতিরিক্ত সচিব ড. রেজাউল হক, সাকিউন নাহার বেগম, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মোতাহার হোসেন, বাংলাদেশ এমপ্লোয়ার্স ফেডারেশন এর সভাপতি কামরান টি রহমান, বিটিএম এর চেয়ারম্যান মাহবুবুর রহমান পাটোয়ারি, জাতীয় শ্রমিকলীগ যুগ্ম-সম্পাদক সুলতান আহম্মদ, খান সিরাজুল ইসলাম, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ এর সাধারণ সম্পাদক চৌধুরী আশিকুল আলম, ইন্ডাস্ট্রিঅল বাংলাদেশ এর মহাসচিব কামরুল হাসানসহ আইএলও, বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

স্বাক্ষরিত/-

মো. আকতারুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১

